



৩০ তম (নভেম্বর) সংস্করণ, তারিখ ৩০/১১/২০২০, কক্সবাজার জেলায় অবস্থানরত স্থানীয় ও রোহিঙ্গা জনগোষ্ঠীর জন্য কোভিড-১৯ এর জরুরী প্রস্তুতি এবং সাড়া প্রদান প্রকল্প, উঁথিয়া রিলিফ অপারেশন সেন্টার, উঁথিয়া, কক্সবাজার।

কোস্ট ট্রাস্ট দাতা সংস্থা ইউনিসেফের সহায়তায় কক্সবাজার জেলার স্থানীয় ও রোহিঙ্গা জনগোষ্ঠীর শিশুদের সুরক্ষায় কোভিড-১৯ এর জরুরী প্রস্তুতি ও সাড়া প্রদান প্রকল্প উঁথিয়া ও টেকনাফ উপজেলার ৭টি ক্যাম্প এবং ৩টি ইউনিয়নে বাস্তবায়ন করছে। প্রকল্পটির মেয়াদ ১৩ মে থেকে ১৫ ডিসেম্বর ২০২০ পর্যন্ত। কোভিড-১৯ মহামারীর হতে শিশু ও কিশোর-কিশোরীদের সুরক্ষায় প্রকল্পটি কেইস ম্যানেজমেন্ট সেবা, মনোসামাজিক সেবা, সচেতনতা মূলক প্রচারণার অংশ হিসেবে লিফলেট বিতরণ, বিলবোর্ড স্থাপন, পোস্টার ও আইইসি উপকরণের ব্যবহার ছাড়াও জেন্ডার ভিত্তিক সহিংসতা হ্রাসে রেফারেল সেবা প্রদান করছে। যা প্রকল্পের সুবিধাভোগীদের কোভিড-১৯ মহামারী মোকাবেলায় সক্ষম ও সচেতন করবে।

কোভিড-১৯ ও শিশু সুরক্ষায় সচেতনতামূলক বিলবোর্ড স্থাপন



কোভিড-১৯ ভাইরাসের কারণে শিশু শ্রম, বাল্যবিবাহ, পারিবারিক সহিংসতা ইত্যাদি সামাজিক সমস্যা বৃদ্ধি পেয়েছে যা লোকদের স্বাভাবিক জীবনকে ঝুঁকির সম্মুখীন করেছে। এই ঝুঁকি সম্পর্কে মানুষকে সচেতন করার লক্ষ্যে কোস্ট ট্রাস্ট-এর শিশু সুরক্ষা প্রকল্প বিভিন্ন ক্যাম্প ও ইউনিয়নে সচেতনতার বিভিন্ন বার্তা সম্বলিত বিলবোর্ড স্থাপন করেছে। বিলবোর্ড স্থাপনকৃত ক্যাম্পগুলো হল ৮পূর্ব, ১২, ১৪, ২০সম্প্র., ২১ ওমানিয়া ও ২২। এছাড়াও স্থানীয় জনগোষ্ঠীর জন্য উঁথিয়ার জালিয়াপালং ও রত্নাপালং এবং টেকনাফ সদর ইউনিয়নসহ সর্বমোট ৯টি স্থানে বিলবোর্ড স্থাপন করা হয়েছে। বিলবোর্ডগুলোতে শিশু শ্রম, শিশুর প্রতি সহিংসতা, প্রতিবন্ধী শিশুর প্রতি অবহেলা, শিশু পাঁচার, যৌন হয়রানি, বাল্য বিবাহ ইত্যাদি সম্পর্কে সচেতনতামূলক বার্তা উপস্থাপন করা হয়েছে। বার্তাগুলো রোহিঙ্গা ও স্থানীয় জনগোষ্ঠীর সহজে বোঝার লক্ষ্যে ইংরেজি ও বার্মিজ এবং বাংলা ভাষায় লেখা হয়েছে। উক্ত সচেতনতামূলক বার্তাসমূহ করোনা ভাইরাস ও শিশু সুরক্ষার ঝুঁকি হ্রাসে কার্যকর ভূমিকা রাখবে।

করোনা ভাইরাস প্রতিরোধে স্বাস্থ্য সুরক্ষা উপকরণ বিতরণ

করোনা ভাইরাস থেকে নিজেদের সুরক্ষিত রাখতে ক্যাম্প এবং স্থানীয় জনগোষ্ঠীর ৩০৮৬ জন কিশোর-কিশোরীর মধ্যে স্বাস্থ্য সুরক্ষার উপকরণ হিসেবে সাবান ও মাস্ক বিতরণ করা হয়েছে। বিগত ১ থেকে ১২ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে ৭টি ক্যাম্প ও ৩টি স্থানীয় জনগোষ্ঠীর ভিতর এই বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এই উপকরণ প্রাপ্তদের মধ্যে ছিল কিশোর

১৭৪৪ জন ও কিশোরী ১৩৪২ জন। এদের মধ্যে সর্বমোট ২৫০০০ মাস্ক ও ১৩০০০ সাবান বিতরণ করা হয়েছে। এই বিতরণে প্রত্যেক কিশোর-কিশোরীকে ৮টি মাস্ক (ক্যাম্প-১৪ ও টেকনাফ ইউনিয়নে



৬টি করে) ও ৪টি সাবান প্রদান করা হয়েছে। বিতরণকৃত এই স্বাস্থ্য সুরক্ষার উপকরণগুলো তৈরী করেছে প্রকল্পের মাল্টি-পারপাস সেন্টার হতে

কেস ম্যানেজমেন্টের রেফারের মাধ্যমে অর্থনৈতিক সহযোগিতা পাচ্ছে রেজোয়ান

রেজোয়ান মাত্র ১২ বছর বয়সে মৃগী রোগে ভুগছে। তাঁর বয়সী শিশুরা যেখানে বন্ধুদের সাথে খেলাধুলায় ব্যস্ত থাকছে সেখানে রেজোয়ান মৃগী রোগের



বিরুদ্ধে সংগ্রাম করছে। ৩ বছর

পূর্বে ২০১৭ সালে সুস্থ এবং স্বাভাবিক বালক হিসেবে পরিবারের সাথে ক্যাম্প-১২ তে আশ্রয় নেয়। চঞ্চল রেজোয়ান খুব অল্প সময়ে প্রতিবেশী শিশুদের সাথে বন্ধুত্ব গড়ে তোলে। হঠাৎ তার মা-বাবা খেয়াল করলো যে রেজোয়ান অসুস্থ হয়ে পড়ছে। ধীরে ধীরে তার কঠিন ও শরীরের অঙ্গগুলো সঙ্কুচিত হয়ে পক্ষাঘাতে রূপান্তরিত হয়ে যাচ্ছে। পরবর্তীতে কোস্ট ট্রাস্ট এর



সোশ্যাল ওয়ার্কার তাকে ক্যাম্প-১২ তে অবস্থিত এফএইচ (ফুড অর হাঙ্গার) হাসপাতালে রেফার করে। ডাক্তার জানান, রেজোয়ান মৃগী রোগে ভুগছে যার কোন ভাল চিকিৎসা নেই। তার শারীরিক অবস্থা পর্যবেক্ষণ করে অর্থনৈতিক সহায়তার জন্য ডিএসএস এর নিকট রেফার করা হয়। যার ফলে সে প্রতি মাসে ২০০০/- টাকা সহায়তা পাচ্ছে। কিছুদিন পর রেজোয়ানের শারীরিক অবস্থার অবনতি ঘটে ও খিঁচুনি হয়। তখন অ্যাম্বুলেন্সের মাধ্যমে দ্রুত তাকে এফএইচ হাসপাতালে নেওয়া হয়। এখন রেজোয়ান চলাফেরা করতে পারে না। তার পুষ্টির চাহিদা পূরণের জন্য গুড়া দুধ ও অন্যান্য সামগ্রী প্রদান করা হয়েছে। সে কোস্ট ট্রাস্ট কেস ম্যানেজমেন্ট এর নিয়মিত পর্যবেক্ষণের মধ্যে রয়েছে।

শিশুদের মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে কোভিড-১৯ এডোলসেন্ট কিট



†KmfW-19 GtWj t̄mU n̄KU Abkxj t̄b e~IK v̄u-14 Gi GKRb n̄ki | Qie: AvgrbZ/

করোনা ভাইরাসের প্রভাব থেকে শিশুদের চাপমুক্ত রাখতে কোভিড-১৯ এডোলসেন্ট কিটের অনুশীলন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। চিত্রাংকন, খেলারছলে শিখন, পাখি পতঙ্গ ও প্রাণীর গল্প পড়া

ইত্যাদিতে ব্যস্ত থাকায় শিশুদের সৃজনশীল মেধা বিকাশের পাশাপাশি তাদের অলস সময় অতিবাহিত হচ্ছে। যা তাদের মানসিক বিকাশ ঘটাতে সাহায্য করছে। এই মহামারী হতে শিশুদের চাপমুক্ত রাখতে ইউনিসেফ কোভিড-১৯ এডোলসেন্ট কিট সরবরাহ করে। যেখানে মোট ১২টি বিষয় রয়েছে। এর মধ্যে শব্দ ও নিরবতা, আমাদের ভেতরে ও বাইরে, আমার আছে ও আমি পারি, আমরা কি করি, পাখি পতঙ্গ ও প্রাণীর গল্প, সম্পর্কের মানচিত্র উল্লেখযোগ্য। ইতোমধ্যে ১০০০ এর অধিক কিশোর-কিশোরী কোভিড-১৯ এডোলসেন্ট কিট অনুশীলন করেছে। গুরুত্ব তারা এলএসবি ফ্যাসিলিটের এর সহায়তার কিটগুলো অনুশীলন করলেও বর্তমানে বাড়িতে স্বাধীনভাবে নিজেরা এগুলো সম্পন্ন করছে। এর মাধ্যমে কিশোর-কিশোরীরা আনন্দের সাথে অবসর সময় অতিবাহিত করছে। কিট গুলো এমনভাবে প্রস্তুত করা হয়েছে যা শিশুদের মাঝে সৃজনশীল চিন্তা বিকাশিত করে তাদের আত্মবিশ্বাসী করবে। যেহেতু শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি আরো বৃদ্ধি পাচ্ছে তাই এটি শিশুদের অবসর সময়ের সঙ্গী হিসেবে সৃজনশীল চিন্তায় ব্যস্ত রাখবে।

ঝুঁকিপূর্ণ শিশুদের কেস ম্যানেজমেন্ট সেবা প্রদান

কোস্ট ট্রাস্ট ‘কোভিড-১৯ জরুরী প্রস্তুতি ও সাড়াদান’ প্রকল্পে ৩৫০ জন ঝুঁকিপূর্ণ/ সংকটাপূর্ণ কিশোর-কিশোরীদের কেস ম্যানেজমেন্টের মাধ্যমে

সেবা প্রদান করেছে (১৯৪ জন কিশোরী ও ১৫৯ জন কিশোর) যারমধ্যে ১৩৪ জন প্রতিবন্ধী কিশোর-কিশোরী রয়েছে। গত ৬ মাসে মোট ৭টি ক্যাম্পে



or`y, jy'z I nU-kvU@c:q Avb` Z K'v̄u-8 ce@ Gi n̄Kt̄ki Av̄jy m̄jvg| Qie n̄bcv/

সোশ্যাল ওয়ার্কারদের মাধ্যমে এই সেবা প্রদান করা হয়। শিশুদের ঝুঁকি নিরসনের লক্ষ্যে বিভিন্ন ধরনের সেবা যেমন- মনোসামাজিক সেবা, সচেতনতামূলক

হোম সেশন, রেফারেল সেবা, ঝুঁকি সম্পর্কিত নানা তথ্য সেবা প্রদান করা হয়। এছাড়া প্রয়োজনীয় চাহিদার ভিত্তিতে গুড়া দুধ, হাইজিন কিট, হুইল চেয়ার, ছাতা, টি-শার্ট, লুঙ্গি, কাপড়, বোরখা, মশারীসহ প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী প্রদান করা হয়। তাছাড়া কিশোর-কিশোরীদের প্রয়োজনীয়তা অনুযায়ী রেফারেল সেবা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে বিভিন্ন সেবা সংস্থা যেমন-সাইট ম্যানেজমেন্ট, ওয়াশ সেন্টার, হেলথ সেন্টরের মধ্যে সমন্বয় গড়তে। বিগত ৬ মাসে মোট ১৭৯ জন কিশোর-কিশোরীকে বিভিন্ন সংস্থার নিকট রেফার করা হয়েছে। এর মধ্যে ২৫ জন সেপারেটেড, ৪৯ জন প্রতিবন্ধী শিশু উল্লেখযোগ্য। সিডিডি এবং হ্যাডিক্যাপ ইন্টারন্যাশনাল এর নিকট ২১ জন প্রতিবন্ধী, চিকিৎসার জন্য ৪৮ জন, ঘর মেরামতের জন্য সাইট ম্যানেজমেন্ট এর নিকট ১৪ জন, আইনি সহায়তার জন্য ব্লাস্ট এর নিকট ৮ জন, স্বাস্থ্যসম্মত টয়লেট নির্মাণের জন্য ওয়াশ সেন্টরের নিকট ২ জন কিশোর-কিশোরীকে রেফার করা হয়েছে। আর এ ধরনের সেবা ঝুঁকি ও সংকটাপূর্ণ কিশোর-কিশোরীদের জীবনমান উন্নয়ন সহায়তা করছে। এক নজরে প্রকল্প কার্যক্রম (মে থেকে নভেম্বর-২০২০)

ক্রম	কার্যক্রমের নাম	অর্জন
১	সেবাপ্রাপ্ত মোট সুবিধাভোগীর সংখ্যা	২৪৮২৪ জন
২	কেইস ম্যানেজমেন্ট সেবা	৩৫০ জন
৩	মনোসামাজিক সেবা	৩৪৩০ জন
৪	সচেতনতামূলক হোম সেশন	১০৫৯৮জন
৫	মাস্ক উৎপাদন	২৬০০০টি
৬	সাবান উৎপাদন	১৫০০০ বার
৭	বিলবোর্ড স্থাপন	৯ টি
৮	অভিভাবকের সচেতনতামূলক সেশন	৯৪৪৫ জন
৯	সিবিসিপিএসি কমিটির সদস্যদের জন্য সচেতনতামূলক সেশন	১২০০ জন

AmZii 3 Zt`i Rb` thm̄r̄hm̄ Ki ab t̄gr: ZvRj Bmj vg, cK̄i e`e`t̄K, m̄Bw̄cAvi w̄c cK̄i, t̄gvevBj : 01762-624815, B-t̄gBj : tajulislam.coast@gmail.com